

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮৪২

সোনামুড়া, ২৭ নভেম্বর, ২০২৩

উত্তর তৈবান্দালে ১৩৭তম রাস মেলা

মোহনভোগ ব্লকের উত্তর তৈবান্দাল দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে গতকাল সন্ধ্যায় শ্যামচাঁদ গোস্বামী সেবাশ্রমে ১৩৭তম রাস মেলা অনুষ্ঠিত হয়। তৈবান্দাল রাস মেলা কমিটির উদ্যোগে এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় এই মেলার আয়োজন করা হয়। মেলার উদ্বোধন করেন সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। মেলার উদ্বোধন করে সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন, যে কোনও মেলায় জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে মানুষ সমবেত হন। এতে আমাদের সম্প্রীতি সুদৃঢ় হয়। তিনি বলেন, রাজ্য সরকার রাজ্যের জনজাতি গোষ্ঠী সহ অন্যান্য সম্প্রদায়ের মানুষের কৃষ্টি ও সংস্কৃতির বিকাশে অগ্রাধিকার দিয়ে কাজ করছে। অনুষ্ঠানে বিধায়ক বিন্দু দেবনাথ বলেন, মেলা আমাদের সংস্কৃতির বিকাশে সহায়ক ভূমিকা নেয়। এখানকার রাস মেলার এক ঐতিহ্য রয়েছে। উপস্থিত ছিলেন মোহনভোগ বিএসির চেয়ারম্যান বাসল্য কুমার নোয়াতিয়া, মুড়াসিং হদার তৈফাং সুনীল মুড়াসিং, সাধারণ সম্পাদক ব্রজমোহন মুড়াসিং, মেলা কমিটির সম্পাদক রবিমোহন মুড়াসিং প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মোহনভোগ ব্লকের বিডিও শ্রীকান্ত চক্রবর্তী। মেলা উপলক্ষে অনুষ্ঠিত হয় সারারাতব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান।
